17. ___ you drive please? I don't like ___ at night.
A. Will, drive B. Can, to driving
C. Will, driving D. Could, drive

ব্যাখ্যা: পরের Sentence টি Present tense তাই ১ম Sentence টি present বা future tense হবে। সেক্ষেত্রে can বা will দুটোই ব্যবহার করা যেতে পারে। কিন্তু সেক্ষেত্রে দ্বিতীয় শূন্যস্থানটি বিবেচনা করতে হবে। দ্বিতীয় শূন্যস্থানের পূর্বে like দেয়া আছে। like এর পর infinitive (to+verb) এবং Gerund (verb+ing) দুটোই হতে পারে। আবার মনে রাখতে হবে to এর পর verb এর basic form বসাতে হবে।
Ans : C.

18. When I ___ my job I ___ to move to another flat.
A. changed, had B. change, must
C. changed, have D. shall change, going

ব্যাখ্যা: যখন আমি আমার Job পরিবর্তন করলাম, আমাকে অন্য ফ্ল্যাটে move করতে হল। এখানে দুটি ঘটনাই অতীত কালের, তাই শূন্যস্থানে changed এবং had বসালে Sentence টি অর্থপূর্ণ হয়।
Ans : A.

19. Jane Eyre was written by ___.
A. Jane Austen B. Charlotte Bronte
C. Charles Dickens D. Emily Bronte

Ans : B.

20. The word 'Hellenic' refers to ___.
A. Helen B. Divine
C. Greek D. Roman

Ans : C.

21. Shakespeare did not write ___.
A. All's Well that Ends Well B. Measure for Measure
C. Love's Labors Lost D. Caesar and Cleopatra

Ans : D.

22. The synonym of "innocuous" is ___.
A. innuendo B. harmless
C. caustic D. innovative

ব্যাখ্যা: Innocuous - (adj) - নিরাপদ, অনুপকারী।
Synonym : Bland, Harmless, Innocent, Inoffensive, Safe, Unobjectionable.
Antonym : Harmful, Offensive.
Ans : B.

23. " She is given to history" means she ___.
A. teaches history B. loves history
C. becomes hysterical D. over-dramatizes things

ব্যাখ্যা: Given to - প্রবন/আসক্ত/Having tendency to.
Ans : B.

24. The word "succulent" is a/an ___.
A. adjective B. noun
C. adverb D. verb

ব্যাখ্যা: Succulent - (adj) - রসালো, সুস্বাদু।
Synonym : Fleshy, Juicy, Luscious, Mellow, Moist, Mouthwatering, Lush.
Antonym : Dry.
Ans : A.

25. Choose the grammatically correct sentence.
A. His being there came as a shock to everyone.
B. He being there came as a shock to everyone.
C. He being there comes as a shock to everyone.
D. He being there had come as a shock to everyone.

ব্যাখ্যা: Subject এর পর কখনও সরাসরি ing যুক্ত verb বসে না। কিন্তু possessive case এর পর verb এর সাথে ing যোগ হয়।
Ans : A.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০১০-২০১১

### বাংলা

০১. 'তরুছায়ামসী-মাখা'- কোন রঙের প্রসঙ্গ?
ক. মেটে খ. সবুজ গ. কালো ঘ. ধূসর

ব্যাখ্যা : "তরুছায়ামসী-মাখা
গ্রামখানি মেঘে ঢাকা"–
ওপারের মেঘে ঢাকা গ্রামটি যেন গাছের ছায়ার কালো রঙে মাখানো।
সঠিক উত্তর : গ.

০২. 'কড়িকাঠ' কোথায় থাকে?
ক. মেঝেতে খ. জানালায় গ. দরজায় ঘ. ছাদে

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ঘ.

০৩. 'বানি' কী?
ক. কথা খ. বেনে গ. গয়না তৈরির মজুরি ঘ. বায়না

ব্যাখ্যা: অন্ন- ভাত ; অন্য- অপর; বেশি- অনেক; বেশী- ছদ্মবেশী;
বাণী- কথা, উক্তি; বানি- গয়না তৈরির মজুরি;
নিচ- নিম্নস্থান, নীচ- হীন;
সকল- সব, শকল- মাছের আঁশ।
সঠিক উত্তর : গ.

০৪. 'তুমি না সেদিন আবৃত্তি করেছিলে?-এখানে 'না' কোন অর্থে ব্যবহৃত?
ক. সন্দেহ খ. বিস্ময় গ. অনুমান ঘ. নিশ্চয়তা

সঠিক উত্তর : ক.

০৫. স্বগতোক্তিতে কথা বলেন-
ক. একজন খ. দুজন গ. তিনজন ঘ. চারজন

সঠিক উত্তর : ক.

০৬. 'রাত পোহাবার কত দেরি পাঞ্জেরি'?- 'রাত পোহাবার' চরণাংশের ব্যঞ্জনার্থ-
ক. সকাল হবার খ. প্রতীক্ষা শেষ হবার
গ. দুঃসময় কেটে যাবার ঘ. বিরক্তির অবসান হবার

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

০৭. 'শবল' শব্দের অর্থ-
ক. শববাহক খ. গাঁইতি গ. শক্তিমান ঘ. বহুবর্ণিল

ব্যাখ্যা: শবল - বহু বর্ণযুক্ত বা বহু বর্ণিল।
সঠিক উত্তর : ঘ.

০৮. 'চত্বারিংশ' শব্দটি কোন সংখ্যাজ্ঞাপক?
ক. চুয়াল্লিশ খ. চল্লিশ গ. চৌত্রিশ ঘ. চব্বিশ

সঠিক উত্তর : খ.

০৯. ইংরেজি ভাষা থেকে আগত শব্দগুচ্ছ
ক. দারোগা, কেদারা, ক্লাব খ. জাঁদরেল, আরদালি, বোতল
গ. বকেয়া, বাহাদুর, রেস্তোরাঁ ঘ. কুর্সি, কেতলি, কাবাব

ব্যাখ্যা: জাদরেল, আরদালি, বোতল শব্দত্রয় এসেছে যথাক্রমে ইংরেজী General, Orderly, Bottle থেকে।
বিস্তারিত : ঢাবি (২০১১-২০১২) এর (২০) নং দেখ।
সঠিক উত্তর : খ.

১০. সংলাপনির্ভর রচনা-
ক. তাহারেই পড়ে মনে খ. বঙ্গভাষা
গ. কবর ঘ. একটি ফটোগ্রাফ

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমের কবিতাগুলোর মধ্যে-

| | |
|---|---|
| তাহারেই পড়ে মনে | নাটকীয়তা/ সংলাপনির্ভরতা |
| সেই অস্ত্র | অনাড়ম্বর সহজ গতিময়তা |
| আমি কিংবদন্তীর কথা বলছি | গভীরতাসঞ্চারী চিত্রকল্প |
| লোক-লোকান্তর | আত্মপরিচয়মূলক কবিতা |

সঠিক উত্তর : ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১১.** কলকাতার সড়ক বা মহল্লা নয়-
ক. ব্লকম্যান লেন খ. লারমিনি স্ট্রিট
গ. খালাসি পট্টি ঘ. সৈয়দ সালেহ লেন

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : খ.**

**১২. সঠিক বিপরীত শব্দযুগল-**
ক. অনন্ত-সান্ত খ. আশ্রয়-প্রশ্রয়
গ. উত্তম-মধ্যম ঘ. জলচর-খেচর

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু বিপরীত শব্দ-**

| | | | |
|---|---|---|---|
| উহ্য | স্পষ্ট | গতি | স্থিতি |
| ঔচিত্য | অনৌচিত্য | ঘোলা | ফর্সা |
| কড়ি | কোমল | অনন্ত | সান্ত |
| কৃষ্ণ | শুভ্র | ছায়া | কায়া |
| কুঞ্চন | প্রসারণ | জঙ্গম | স্থাবর |

**সঠিক উত্তর : ক.**

**১৩. 'Key-Note' - এর যথার্থ প্রতিশব্দ-**
ক. গুরুত্বপূর্ণ খ. চাবিকাঠি গ. মূলভাব ঘ. টীকা-টিপ্পনি

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পরিভাষা-**
Cadre - পদালি
Clause - দফা
Call money - তলবি টাকা
Cognizable - আদালতগ্রাহ্য
Canon - নীতি
Confiscated - বাজেয়াপ্ত
Ceasefire - যুদ্ধ বিরতি
Counsel - কৌসুলি
Convener - আহ্বায়ক
Key-note - মূলভাব
**সঠিক উত্তর : গ.**

**১৪. He has broken with friend. - এ বাক্যটির বাংলা-**
ক. সে তার বন্ধুকে বিদায় করে দিয়েছে।
খ. সে তার বন্ধুর বিশ্বাস ভঙ্গ করেছে।
গ. সে তার বন্ধুকে আঘাত করেছে।
ঘ. সে তার বন্ধুর সঙ্গে ঝগড়া করেছে।

**ব্যাখ্যা:** • Let bygones be bygones - গতস্য শোচনা নাস্তি।
• He has broken with friend - সে তার বন্ধুর সাথে ঝগড়া করছে।
• To make a mess of thing - ভূতের বাপের শ্রাদ্ধ।
• Strike the iron while it is hot - বোঝ বুঝে কোঁপ মারা।
• For heavens shake, don't do this work - মাথা খাও আমার, এ কাজ তুমি করো না।
**সঠিক উত্তর : ঘ.**

**১৫. 'শিং ভেঙে বাছুরের দলে' প্রবাদটির অর্থ-**
ক. দলত্যাগ খ. বয়স্ক ব্যক্তির ছেলেমানুষি
গ. নিষ্ফল পরিশ্রম ঘ. অকারণে ঝামেলায় পড়া

**ব্যাখ্যা:** শিং ভেঙে বাছুরের দলে - বয়স্ক ব্যক্তির ছেলেমানুষি।
খোদারখাসি - ভাবনাচিন্তাহীন।
কথার কথা - গুরুত্বহীন কথা।
ঘাটের মড়া - মৃত্যু আসন্ন যার।
গোঁয়ার গোবিন্দ - নির্বোধ অথচ হঠকারি।
কাছা ঢিলা - অসাবধান।
**সঠিক উত্তর : খ.**

**১৬. 'বিনয়ভূষনের তনয় সুকেশিনী নন্দিতা উড়োজাহাজের আবিস্কারকের নাম পরিস্কাররূপে বলিতে না পারায় পুরষ্কারটি হাড়াল।' চলিত রীতির বাক্যটিতে ভুলের সংখ্যা-**
ক. পাঁচটি খ. ছয়টি গ. সাতটি ঘ. আটটি

**ব্যাখ্যা: শুদ্ধরূপ- ভূষণ, তনয়া, সুকেশা, আবিষ্কারকের, পরিষ্কারভাবে, বলতে, পুরস্কার, হারালো।**
**সঠিক উত্তর : ঘ.**

**১৭. 'রাত্রির শেষ ভাগ' - এককথায়-**
ক. মহানিশা খ. যামিনী গ. পররাত্র ঘ. রাত্রিশেষ

ব্যাখ্যা: প্রায় প্রভাত হয়েছে এমন - প্রভাতকল্পা।
রাত্রির প্রথম ভাগ - পূর্বরাত্র।
রাত্রির মধ্যভাগ - মহানিশা।
রাত্রির শেষভাগ - পররাত্র।
রাত্রির তিনভাগের একভাগ - ত্রিযামা।
**সঠিক উত্তর : গ.**

**১৮. 'অনতিবিলম্বে সম্রাট সৈন্য সমভিব্যাহারে দুর্গম মরুপথে অভিযান করলেন।'-বাক্যটিতে উপসর্গ রয়েছে**
ক. নয় খ. ছয় গ. সাত ঘ. আট

ব্যাখ্যা: উপসর্গ সংখ্যা -
অনতিবিলম্ব - অন + অতি + বি = ৩
সমভিব্যাহারে - সম + অভি + বি + আ = ৪
দুর্গম – দুর = ১
অভিযান – অভি = ১
**সঠিক উত্তর : ক.**

**১৯. গদ্যভাষায় রচিত এ গ্রন্থে লেখকের আধুনিক মনোভাব, পরিমিতিবোধ, সৃজনশীল দৃষ্টিভঙ্গি ও শৈল্পিক সচেতনতার পরিচয় পাওয়া যায়।' বাক্যটিতে বিশেষণ রয়েছে-**
ক. চারটি খ. পাঁচটি
গ. ছয়টি ঘ. সাতটি

**ব্যাখ্যা: বিশেষণ** : গদ্য, আধুনিক, পরিমিত, সৃজনশীল, শৈল্পিক।
**সঠিক উত্তর : খ.**

**২০. 'মরো, নইলে বাঁচার মতো বাঁচো।'-বাক্যটি**
ক. যৌগিক খ. সরল
গ. সংকোচক অব্যয়যুক্ত জটিল ঘ. সংযোজক অব্যয়যুক্ত জটিল

ব্যাখ্যা: বাক্যে নইলে আছে, তাই এটি যৌগিক বাক্যের উদাহরণ। বিস্তারিত: ঢাবি (২০১৩-২০১৪) এর (১৭) নং দেখ।
**সঠিক উত্তর : ক.**

**২১. 'সন্ধি' শব্দটি গঠিত হয়েছে কোন প্রক্রিয়ায়?**
ক. উপসর্গ খ. সন্ধি
গ. সমাস ঘ. প্রত্যয়

ব্যাখ্যা: সন্ধি প্রত্যয়যোগে ঘটিত শব্দ।
সন্ধি- সম্ + √ধা + ই (কি)
**সঠিক উত্তর : ঘ.**

**২২.** 'হেলাল' শব্দের সমার্থ
ক. রাকা খ. আদিত্য
গ. অংশুমান ঘ. ফাল্গুনী

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : ক.**

**২৩.** মুহুরি হাকিমের দিকে চাহিয়া বলিল, 'ধর্মাবতার! সাক্ষী বড় সেরকশ।'- 'সেরকশ' শব্দের অর্থ-
ক. দক্ষ খ. বেয়াড়া
গ. বোকা ঘ. খেয়ালি

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : খ.**

**২৪. 'কূর্ম অবতার' বোঝায়-**
ক. অসহায় খ. সংকীর্ণচিত্ত
গ. অভিজাত ঘ. অলস

ব্যাখ্যা: কূর্ম অবতার- অলস।
জবরজং- জমকালো কিন্তু বেমানান।
চশমখোর- নিলজ্জ।
ডিমে রোগা- সর্বদা রুগ্ন।
তালকানা- কান্ড জ্ঞানহীন।
**সঠিক উত্তর : ঘ.**

**২৫. বাক্য অসম্পূর্ণ থাকলে বাক্যের শেষে ব্যবহৃত হয়-**
ক. ড্যাশ খ. সেমিকোলন
গ. কমা ঘ. কোলন

ব্যাখ্যা: ড্যাশ এর ব্যবহার বিস্তারিত : ঢাবি (২০১২-২০১৩) এর (১৬) নং দেখ।
**সঠিক উত্তর : ক.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## English

***Read the paragraph and answer question 1-7.***

Since a writer's main purpose in to explain things clearly, description is an important aid. To add liveliness to an essay, descriptive details are necessary to create a clear, unified impression of an object or a scene. As a technique in writing, description matches the kinds of details we see in vivid and effective photographs. Good descriptive writers help the reader to 'see' objects, scenes and even moods by means of language.

**01. The most suitable title for the passage would be.**
A. Importance of Description in Writing
B. Good Writing
C. Technique of Writing
D. Effective Language in Writing

ব্যাখ্যা: Passage এর প্রথমেই বলা আছে - Since a writer's main purpose is to explain things clearly, description is an important aid. শুধু শুরুতেই নয় শেষ পর্যন্তও - writer 'descriptive writing' এর উপর গুরুত্বারোপ করা হয়েছে।
**Ans : A.**

**02. A writer's main purpose is to**
A. express himself B. discuss his ideas
C. explain things clearly D. show things precisely

ব্যাখ্যা: Passage এর ১ম Sentence এ বলা আছে - a writer's main purpose is to explain things clearly অর্থাৎ একজন writer এর প্রধান উদ্দেশ্য হল বিষয়বস্তু পরিষ্কারভাবে ব্যাখ্যা করা।
**Ans : C.**

**03. "unified impression" means-**
A. single thought B. diverse thoughts
C. single image D. complete image

ব্যাখ্যা: Unified - একত্রীকরণ
Synonym - Combined, Integrated, Complete
Unified Impression বলতে Complete Image বা সম্পূর্ণ প্রতিচ্ছবি বুঝানো হয়েছে।
**Ans : D.**

**04. Which mode is adopted by successful writer?**
A. descriptive B. argumentative
C. photographic D. symbolic

ব্যাখ্যা: Passage এ বলা হয়েছে -
As a technique in writing, description matches the kinds of details - এই sentence টি থেকে বোঝায় যায় একজন Successful writer লেখার ক্ষেত্রে descriptive method adopt (অবলম্বন) করেন।
**Ans : A.**

**05. "liveliness" in the paragraph stands for ___.**
A. clarity B. charm
C. vividness D. attractiveness

ব্যাখ্যা: Liveliness - জীবন্ত; Vividness - জীবন্ত, প্রাণবন্ত
**Ans : C.**

**06. "description" should be like**
A. Photographic details B. nature
C. a picture D. a painting

ব্যাখ্যা: Passage এ বলা হয়েছে - As a technique in writing, description matches the kinds of details we see in vivid and effective photographs" অর্থাৎ Photograph এর মত একটি লেখার বর্ণনা তার বিষয়বস্তুকে জীবন্ত প্রতিচ্ছবির মত তুলে ধরে।
**Ans : A.**

**07. What helps a writer to make his writing interesting?**
A. precision B. description
C. objectivity D. rationality

ব্যাখ্যা: একটি লেখার বিষয়বস্তুকে কিভাবে জীবন্ত ও আকর্ষণীয় করা যায়। লেখক সে কথা Passage এ বুঝানোর জন্য বার বার description এর ব্যাপারে তুলে ধরেছেন।
**Ans : B.**

**08. "Lend me your ears" means**
A. let me cheek your ears
B. let me whisper into your ears
C. listen to me
D. come close to me

ব্যাখ্যা: Idiomatic expression অনুযায়ী -
Lend one's ears - Listen to someone/ কারও কথা শোনা
অর্থাৎ Lend me your ears - Listen to me
**Ans : C.**

**09. In "Under to Greenwood" the "Tree" refers to**
A. nature B. forest
C. sun D. a big tree

ব্যাখ্যা: William Shakespeare এর Under the Greenwood Tree কবিতায় Tree দ্বারা প্রকৃতিকে বোঝানো হয়েছে।
**Ans : A.**

**10. Have you ever _______ Sundarbans?**
A. looked, on, to B. travelled, within, forest
C. seen, or, been D. been, to, the

ব্যাখ্যা: কোথাও ভ্রমণ করে চলে আসা বুঝাতে Been ব্যবহৃত হয়।
**Ans : D.**

**11. Which two things of nature does Robert Herrick find similar to human being and daffodils?**
A. rising sun, moon
B. summer's rain, mornings dew
C. spring, summer
D. hasting day, even song

ব্যাখ্যা: Robert Herrick তার To Daffodils কবিতায় গ্রীষ্মকালের বৃষ্টি ও সকালের শিশিরের সাথে ক্ষণস্থায়ী মানব জীবনের সাথে তুলনা করেছেন।
**Ans : B.**

**12. Choose the proper translation of 'আমি যদি তোমার জায়গায় হতাম'-**
A. If I were in your shoes.
B. If I was in your condition.
C. If I was in your situ ation.
D. If I was in your place.

ব্যাখ্যা: কাল্পনিক অর্থ বুঝানোর জন্য If যুক্ত Clause এ Subject এর পর Were ব্যবহৃত হয়। অথবা Sentence এর শুরুতে Had + sub ব্যবহার করা যায়।
If I were in your shoes - আমি যদি তোমার জায়গায় হতাম
In your shoes একটি Idomatic expression.
**Ans : A.**

**13. Choose the correct sentence.**
A. Neither of the roads lead to the railway station.
B. Neither of the roads leads to the railway station.
C. Neither of the roads are leading to the railway station.
D. Neither roads are led to the railway station.

ব্যাখ্যা: Either of, Neither of, One of এগুলোর পরের Subject টি Plural হয় কিন্তু Verb টি Singular হয়।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**14. There is ___ hope of his recovery.**
A. many B. little
C. very D. few

ব্যাখ্যাঃ

| Countable Qualifier | Uncountable Qualifier |
|---|---|
| Many | Much |
| Number Of | Amount Of |
| Few/ a Few | Little/ a Little |
| Several | Less/ Least |

More, Most, All, any, A lot of, Plenty of, Some, Great deal of এগুলো Countable এবং Uncountable উভয় Noun এর সাথে ব্যবহৃত হতে পারে।
এখানে Hope Uncountable noun তাই little হবে।
**Ans : B.**

**15. Noise pollution cannot be ___ ___.**
A. easy, avoid B. easily, avoided
C. easily, avoid D. easier, avoided

ব্যাখ্যাঃ Sentence টি Passive voice এ হবে। তাই verb এর Past participle form বসবে। আর verb এর modifier হিসেবে পূর্বে Adverb বসবে। অর্থাৎ easily avoided হবে।
**Ans : B.**

**16. Education ___ our mind.**
A. shrink B. embolden
C. enlighten D. ennobles

ব্যাখ্যাঃ Ennoble - নৈতিকভাবে উন্নতি করা। প্রশ্নটি Text বই থেকে এসেছে। Text book এ দেয়া আছে - It (education) ennobles our mind and refines our sensibility. এখানে Enlighten ব্যবহার করা যেতে পারে। কিন্তু Subject যেহেতু 3rd Person singular number তাই verb এর শেষে s বা es যোগ হবে। অর্থাৎ ennobles ই সঠিক।
**Ans : D.**

**17. Frequent closures of universities badly ___ academic progress.**
A. affect B. effect
C effects D. damages

ব্যাখ্যাঃ Affect - Verb - প্রভাবিত করা; Effect - Noun - প্রভাব
বিস্তারিত : ঢাবি (২০১২-২০১৩) এর (২২) নং দেখ।
**Ans : A.**

**18. How many engineering ___ ___ there in Bangladesh?**
A. university, is B. universities, are
C. universities, is D. university, are

ব্যাখ্যাঃ Many এর পর Plural countable noun বসে। তাই এর পরের Verb টিও Plural হবে।
**Ans : B.**

**19. I will not go ___ I am invited**
A. because B. lest
C. unless D. otherwise

ব্যাখ্যাঃ আমি যাব না, যদি না আমি আমন্ত্রিত হই। Unless অর্থ যদি না। Unless অনেকটা Conditional If এর মত Sentence এ ব্যবহৃত হয়। তাছাড়া Unless সেই Clause এ ব্যবহৃত হয় সেই Clause এ কখনও Negative ব্যবহৃত হয় না।
**Ans : C.**

**20. She could have been more discreet, ___**
A. didn't she? B can't she
C. won't she D. couldn't she?

ব্যাখ্যাঃ Tag Question, এ Affirmative sentence এর ক্ষেত্রে negative tag হবে।
**Ans : D.**

**21. He is ___ punctual ___ efficient**
A. neither, but B. very, but
C. either, or D. neither, nor

ব্যাখ্যাঃ Either....or অথবা neither....nor ব্যবহৃত হবে। তাই অপশন(A) ও(B) ভুল। অপশন (C) হলে বাক্যটির অর্থ দাড়ায়- সে হয় সময়ানুবর্তী নয় দক্ষ। যা অর্থগত ভাবে মিলে না। অপশন (D) ই Perfect। তখন অর্থ দাড়ায় - সে সময়ানুবর্তী নয় দক্ষও নয়।
**Ans : D.**

**22. I ___ to meet you ever since I read your first novel.**
A. hope B. have hoped
C. have been hoping D. am hoping

ব্যাখ্যাঃ তোমার প্রথম উপন্যাস পড়ার পর থেকে তোমার সাথে দেখা করার আশা করছি। এক্ষেত্রে, কোন কাজ পূর্বে শুরু হয়ে এখনও চলছে এরূপ বুঝাতে Present prefect continuous tense হয়। কিন্তু Hope এর continuous হয় না বলে Present prefect হবে।
**Ans : B.**

**23. What part of speech is 'extraordinary?'**
A. noun B. verb
C. Adjective D. adverb

ব্যাখ্যাঃ Extraordinary - Adj - অনন্য সাধারণ
**Synonym :** Amating, Exceptionl, Fantastic, Marvellous, Noteworthy, Remarkable, Unusual.
**Antonym :** Commonplace, Ordinary.
**Ans : C.**

**24. In shelly's "Ozymandias" the words, 'My name is Ozymandias, king of kings' are inscribed on**
A. the visage of the statue.
B. the pedestal of the statue.
C. the hand of the statue.
D. the sand of the antique land.

ব্যাখ্যাঃ কবিতায় লাইনগুলো এরকম-
The hand that mocked them and the heart that fed
And on the pedestal these words appear :
My name is Ozamandias king of kings.
**Ans : B.**

**25. The driver stopped the car just ___ time avoid collision**
A. at B. by
C. of D. in

ব্যাখ্যাঃ In no time - দ্রুত।
In time - সঠিক সময়ের একটু আগে।
On time - সঠিক সময়ে।
দুর্ঘটনা এড়াতে চালকটি ঠিক সময়ে গাড়ি থামালো। এখানে ঠিক সময়ে বুঝতে In ব্যবহৃত হবে। তবে অপশনে on থাকলে on বসানো যেত।
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## সাধারণ জ্ঞান

০১. বাংলাদেশে কোন সালে বিজ্ঞান ও আইসিটি (বিজ্ঞান, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি) মন্ত্রণালয় স্থাপন করা হয়?
ক. ২০০০ খ. ২০০২ গ. ২০০৭ ঘ. ২০০৯

ব্যাখ্যা:
- বাংলাদেশে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় স্থাপিত হয় - ১৪ আগষ্ট, ১৯৯৩।
- বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়কে - বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় নামকরণ করা হয় - ১১ এপ্রিল, ২০০২।
- পুনরায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় নামকরণ করা হয় :- ৪ ডিসেম্বর, ২০১১।
- বর্তমান নাম - ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রনালয়।

সঠিক উত্তর : খ.

০২. বাংলাদেশের ইতিহাসে নিচের কোন ঘটনাটি প্রথম ঘটেছিল?
ক. আওয়ামী লীগের ছয় দফা ঘোষণা খ. আগরতলা ষড়যন্ত্র মামলা
গ. ভারত-পাকিস্তান যুদ্ধ ঘ. উনিশ দফা আন্দোলন

ব্যাখ্যা: বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের বিভিন্ন ঘটনা পরম্পরা বিস্তারিত : ঢাবি (২০০৮-২০০৯) এর (০৪) নং দেখ।

সঠিক উত্তর : গ.

০৩. দীর্ঘকাল মাটির নিচে অবরুদ্ধ থাকার পর ৩৩ জন খনিকশ্রমিককে উদ্ধার করা হয়েছে-
ক. চীনে খ. বলিভিয়াতে
গ. চিলিতে ঘ. পেরুতে

ব্যাখ্যা: চিলিতে দীর্ঘকাল মাটির নিচে অবরুদ্ধ থাকার পর ৩৩ জন শ্রমিককে উদ্ধার করা হয়েছিল।

সঠিক উত্তর : গ.

০৪. BIMSTEC-এর পূর্ণরূপ-
ক. বাংলাদেশ ইন্ডিয়া মায়ানমার শ্রীলঙ্কা তাইওয়ান ইকোনোমিক কো অপারেশন
খ. বাংলাদেশ ইন্ডিয়া মিনিস্টেরিয়াল স্ট্র্যাটেজিক টেকনিক্যাল এন্ড ইকোনোমিক কমিটি
গ. দি বে অব বেঙ্গল ইনিসিয়েটিভ ফরমাল্টি-সেক্টরাল টেকনিক্যাল এন্ড ইকোনোমিক কো-অপারেশ
ঘ. বাংলাদেশ ইন্ডিয়া মিলিটারি স্ট্রাটেজিক টেকনিক্যাল এন্ড ইকোনোমিক কমিটি

ব্যাখ্যা:
- BIMSTEC- Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economical Co-Operation
- প্রতিষ্ঠাকাল : ৬ জুন, ১৯৯৭
- সদস্য সংখ্যা ৭ টি দেশ : বাংলাদেশ, ভারত, মায়ানমার, শ্রীলঙ্কা, থাইল্যান্ড, নেপাল ভুটান।
- সদর দপ্তর : ঢাকা

সঠিক উত্তর : গ.

০৫. সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি কত তারিখে গঠিত হয়?
ক. ১৫ই অক্টোবর ১৯৪৭ খ. ৩০শে জানুয়ারি ১৯৫২
গ. ২০শে ফেব্রুয়ারি ১৯৫২ ঘ. ২১শে ফেব্রুয়ারি ১৯৫২

ব্যাখ্যা:
- রাষ্ট্রভাষা আন্দোলনের সর্বপ্রথম সংগঠন-তমুদ্দিন মজলিশ-গঠিত হয়- ১৯৪৭ সালের ১৫ অক্টোবর
- ১৯৪৮ সালের ২ মার্চ রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয়।
- সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয় - ৩১ জানুয়ারি, ১৯৫২
- ২১ দফা কর্মসূচির প্রথম দফাটি ছিল রাষ্ট্রভাষা বাংলা।
- বাংলাকে রাষ্ট্রভাষার মর্যাদা দেয়া হয় - ১৯৫৬ সালে।
- রাষ্ট্রভাষা বাংলার দাবিতে গঠিত 'বিশ্ববিদ্যালয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' এর আহ্বায়ক ছিলেন- আবদুল মতিন।
- তিনি ২০১৪ সালের ৮ই অক্টোবর মৃত্যুবরণ করেন।

সঠিক উত্তর : খ.

০৬. জাতীয়তাবাদের উপাদান নয়-
ক. ভাষা খ. ধর্ম
গ. রাজনীতি ঘ. ভৌগোলিক ঐক্য

ব্যাখ্যা: জাতীয়তাবাদের প্রধান উপাদানসমূহ হচ্ছে - ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, ভৌগলিক অবস্থান, ধর্ম, ভাষা, ইত্যাদি।

সঠিক উত্তর : গ.

০৭. যে কারণে সম্প্রতি জাতিসংঘ বাংলাদেশকে MDG অর্জনের জন্য পুরস্কৃত করেছে-
ক. ক্ষুধা ও দারিদ্র্য নিবারণ
খ. সার্বজনীন প্রাথমিক শিক্ষার কৃতিত্ব অর্জন
গ. শিশু মৃত্যু হ্রাস
ঘ. লিঙ্গ সমতা উন্নয়ন ও নারীর ক্ষমতায়ন

ব্যাখ্যা: ২০১৬ সালের ১লা জানুয়ারী জাতিসংঘ ঘোষিত নতুন পরিকল্পনা- SDG- Sustainabale Development Goal (২০১৫-২০৩০)
- এর ১৭ টি লক্ষ্য রয়েছে।
- এর মেয়াদ - ২০৩০ সাল

সঠিক উত্তর : ক.

০৮. বিচারপতি এ.বি.এম. খায়রুল হক বাংলাদেশের কততম প্রধান বিচারপতি?
ক. ১৬তম খ. ১৭তম গ. ১৮তম ঘ. ১৯তম

ব্যাখ্যা:
- বাংলাদেশের প্রথম প্রধান বিচারপতি ছিলেন - মোহাম্মদ সায়েম।
- এবিএম খায়রুল হক ছিলেন- ১৯ তম প্রধান বিচারপতি।
- বর্তমান ও ২১ তম প্রধান বিচারপতি - সুরেন্দ্র কুমার সিনহা।

সঠিক উত্তর : ঘ.

০৯. বিডিআর হত্যাকান্ড সংঘটিত হয়-
ক. ২১ ফেব্রুয়ারি ২০০৭ খ. ২৩শে ফেব্রুয়ারি ২০০৮
গ. ২৪শে ফেব্রুয়ারি ২০০৯ ঘ. ২৫শে ফেব্রুয়রি ২০০৯

ব্যাখ্যা:
- পিলখানা হত্যা দিবস - ২৫ ফেব্রুয়ারি।
- হত্যা সংঘটিত হয় - ২৫ ও ২৬ ফেব্রুয়ারি, ২০০৯।
- এই বিডিআর বিদ্রোহে ৫৮ সেনা কর্মকর্তা নিহত হয়।
- ২০১১ সালে BDR এর পরিবর্তে BGB (Border Guard Bangladesh) রাখা হয়।

সঠিক উত্তর : ঘ.

১০. ঘোষিত পরমাণু অস্ত্রধারী দেশ কয়টি?
ক. সাতটি খ. ছয়টি গ. পাঁচটি ঘ. আটটি

ব্যাখ্যা:
- স্বঘোষিত পরমানু অস্ত্রধারী দেশ ৮ টি- মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রিটেন, ফ্রান্স, রাশিয়া, চীন, ভারত, পাকিস্থান ও উত্তর কোরিয়া।
- সর্বশেষ পারমানবিক শক্তিধর দেশ উত্তর কোরিয়া।

সঠিক উত্তর : ঘ.

১১. বাংলাদেশের পরবর্তী আদমশুমারি অনুষ্ঠিত হবে-------
ক. ১৫-১৯শে মার্চ ২০১১ খ. ১-১৫ই ডিসেম্বর ২০১১
গ. ১৬-২০শে মার্চ ২০১২ ঘ. ১৭-২১শে মার্চ ২০১২

ব্যাখ্যা:
- পঞ্চম আদমশুমারি অনুষ্ঠিত হয় - ১৫-১৯ মার্চ-২০১১
- আদমশুমারি পরিচালনা করে Bangladesh Bureau Of Statistics (BBS)
- এটি অনুযায়ী দেশের মোট জনসংখ্যা- ১৪ কোটি, ২৩ লাখ, ১৯ হাজার।
- জনসংখ্যা বৃদ্ধির হার - ১.৩৪%
- জনসংখ্যার ঘনত্ব - ৯৬৪ জন (প্রতি বর্গকি.মি)
- নারী ও পুরুষের অনুপাত - ১০০ : ১০০.৩
- পরবর্তী আদমশুমারী অনুষ্ঠিত হবে (৬ষ্ঠ) - ২০২১ সালে (প্রতি দশ বছর পরপর এটি অনুষ্ঠিত হয়)

সঠিক উত্তর : ক.

১২. আওয়ামী লীগের ঐতিহাসিক 'ছয় দফা'র প্রথম দফা-
ক. রাষ্ট্রভাষা হিসেবে বাংলা খ. ধর্মনিরপেক্ষতা
গ. স্বতন্ত্র মুদ্রা ঘ. প্রাদেশিক স্বায়ত্তশাসন

ব্যাখ্যা:
- বাঙালি জাতির মুক্তির সনদ ও ম্যাগনাকার্টা - ছয় দফা
- বঙ্গবন্ধু শেখ মুজিব কর্তৃক ঘোষিত হয় :- ৫-৬ ফেব্রুয়ারি, ১৯৬৬ লাহোরে।
- আনুষ্ঠানিকভাবে ঘোষিত হয় - ২৩ মার্চ, ১৯৬৬
- প্রথম দফা ছিল - প্রাদেশিক স্বায়ত্বশাসন

সঠিক উত্তর : ঘ.

১৩. বাংলাদেশের স্থানীয় জনগোষ্ঠী নয়-
ক. গারো খ. মণিপুরী গ. রোহিঙ্গা ঘ. সাঁওতাল

ব্যাখ্যা: রোহিঙ্গা মায়ানমারের আরাকানে বসবাসরত মুসলিম জনগোষ্ঠী।

সঠিক উত্তর : গ.

১৪. বুলবুল আহমেদ ছিলেন একজন-
ক. ক্রিকেটার খ. গায়ক গ. সাংসদ ঘ. অভিনেতা

ব্যাখ্যা:
- বুলবুল আহমেদ বাংলাদেশের একজন বিখ্যাত চলচ্চিত্র অভিনেতা।
- জন্ম : ৪ সেপ্টেম্বর, ১৯৪০ ঢাকা, মৃত্যু: ১৪ জুলাই, ২০১০
- তিনি চারবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছেন।
- তার বিখ্যাত কয়েকটি চলচ্চিত্র : দেবদাস, সূর্যকন্যা, মহানায়ক, তিলোত্তমা।

সঠিক উত্তর : ঘ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৫. নেপালের সর্বশেষ রাজা ছিলেন-
ক. ধীরেন্দ্র খ. জ্ঞানেন্দ্র গ. বীরেন্দ্র ঘ. মহেন্দ্র

ব্যাখ্যা: • নেপালের সর্বশেষ রাজা ছিলেন জ্ঞানেন্দ্র বীরবিক্রম সাহদেব।
• রাজতন্ত্র বিলোপ হয় - ২৮ মে, ২০০৮
• রাজতন্ত্র টিকে ছিল - ২৪০ বছর।
সঠিক উত্তর : খ.

১৬. সেনেগাল যে- দেশের উপনিবেশ ছিল-
ক. ফ্রান্স খ. নেদারল্যান্ড গ. ইংল্যান্ড ঘ. রাশিয়া

ব্যাখ্যা: • ফ্রান্সের উপনিবেশ ছিল - সেনেগাল
• নেদারল্যান্ডের উপনিবেশ ছিল - ইন্দোনেশিয়া
• ইংল্যান্ডের উপনিবেশ ছিল - মায়ানমার, আয়ারল্যান্ড, জিম্বাবুয়ে, মিসর, ইরাক, কুয়েত, সুদান, বাহরাইন, জর্ডান ও মালয়েশিয়া।
সঠিক উত্তর : ক.

১৭. সেমুতাং গ্যাসক্ষেত্র অবস্থিত-
ক. বান্দরবানে খ. খাগড়াছড়িতে
গ. সুনামগঞ্জে ঘ. রাঙ্গামাটিতে

ব্যাখ্যা: • বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ - প্রাকৃতিক গ্যাস।
• প্রথম আবিষ্কৃত গ্যাস ক্ষেত্র - হরিপুর গ্যাস ক্ষেত্র (সিলেট, ১৯৫৫)
• প্রথম গ্যাস উত্তোলিত হয় - হরিপুরগ্যাস ক্ষেত্র থেকে - ১৯৫৭ সালে।
• বাংলাদেশের সর্ববৃহৎ গ্যাস ক্ষেত্র - তিতাস গ্যাসক্ষেত্র (ব্রাহ্মণবাড়িয়া ১৯৬২ সালে)
• মোট গ্যাসক্ষেত্র - ২৬ টি
• বাংলাদেশের প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান - মিথেন
• সমুদ্র অঞ্চলে গ্যাস ক্ষেত্র - ২ টি - সাঙ্গু (১৬ নং ব্লকে) ও কুতুবদিয়া।
• সবচেয়ে বেশি গ্যাস ব্যবহৃত হয় বিদ্যুৎ খাতে।
• সর্বশেষ আবিস্কৃত গ্যাসক্ষেত্র - রূপগঞ্জ, নারায়ণগঞ্জ (২০১৪ সালে বাপেক্স কর্তৃক)
সঠিক উত্তর : খ.

১৮. পাটের জীবনরহস্য উদ্ভাবনকারী দলের নেতা-
ক. মোঃ জলিল খ. কুদরত-ই-খুদা
গ. মাকসুদুল আলম ঘ. নুরুল ইসলাম

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১২-২০১৩) এর (৩৮) নং দেখ।
সঠিক উত্তর : গ.

১৯. সামাজিক নেটওয়ার্কিং সাইট-
ক. সুপারবাগ খ. গুগল গ. টুইটার ঘ. ফ্লিকার

ব্যাখ্যা:
• গুগল, পিপীলিকা, ডগপাইল ও আলট্রাভিসতা হচ্ছে এক ধরণের সার্চ ইঞ্জিন।
• টুইটার, ফেসবুক, গুগল প্লাস এগুলো হচ্ছে- সামাজিক যোগাযোগের নেটওয়ার্ক।
• সুপার বাগ - এক ধরণের ব্যাকটেরিয়া।
সঠিক উত্তর : গ.

২০. প্রিস্টিনা কোন দেশের রাজধানী?
ক. ক্রোয়েশিয়া খ. কসোবা গ. মেসিডোনিয়া ঘ. জর্জিয়া

ব্যাখ্যা: বিশ্বের কয়েকটি দেশের রাজধানী ও ভাষা-

| দেশ | রাজধানী | ভাষা | দেশ | রাজধানী | ভাষা |
|---|---|---|---|---|---|
| ভুটান | থিম্পু | দোজংখা | আরব আমিরাত | আবুধাবি | আরবি |
| চীন | বেইজিং | মান্দারিন | নরওয়ে | অসলো | নরওয়ে জিয়ান |
| ইন্দোনেশিয়া | জাকার্তা | ইন্দোনেশিয়ান | পর্তুগাল | লিসবন | পর্তুগিজ |
| ইরান | তেহরান | ফারসি | জিম্বাবুয়ে | হারারে | ইংরেজি |
| জাপান | টোকিও | জাপানিজ | তিউনিশিয়া | কিউনিশ | আরবি |
| মালয়েশিয়া | কুয়ালামপুর | মালয় | মিশর | কায়রো | আরবি |
| নেপাল | কাঠমুন্ডু | নেপালি | ভেনিজুয়েলা | কারাকাস | স্প্যানিশ |
| ইসরাইল | জেরুজালেম | হিব্রু | ব্রাজিল | ব্রাসিলিয়া | পর্তুগিজ |
| সিরিয়া | দামেস্ক | আরবি | আর্জেন্টিনা | বুয়েন্স আয়ার্স | স্প্যানিশ |
| তুরস্ক | আঙ্কারা | তুর্কি | অস্ট্রেলিয়া | ক্যানবেরা | ইংরেজি |

সঠিক উত্তর : খ.

২১. ফরাসি বিপ্লবের মেয়াদকাল-
ক. ১৮৮৯-১৮৯৯ খ. ১৭৮৯-১৭৯৯
গ. ১৭৭৬-১৭৮৬ ঘ. ১৮৮৬-১৮৯৬

ব্যাখ্যা: বিশ্বের কয়েকটি আলোচিত বিপ্লব ও সময় কাল-

| বিপ্লবের নাম | দেশ | রাজধানী |
|---|---|---|
| রুশ/অক্টোবর/বলশেভিক বিপ্লব | ১৯১৭ | রাশিয়া |
| ফরাসি বিপ্লব | ১৭৮৯ - ১৭৯৯ | ফ্রান্স |
| শিল্প বিপ্লব | ১৭৮০ -১৮৫০ | ইংল্যান্ড |
| আগস্ট বিপ্লব | ১৯৪৫ | ভিয়েতনাম |
| ইসলামিক বিপ্লব | ১৯৭৯ | ইরান |
| আমেরিকা বিপ্লব | ১৭৭৬ | যুক্তরাষ্ট্র |

সঠিক উত্তর : খ.

২২. নাথান কমিশন যে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সঙ্গে যুক্ত-
ক. কলকাতা বিশ্ববিদ্যালয় খ. মুম্বাই বিশ্ববিদ্যালয়
গ. রাজশাহী বিশ্ববিদ্যালয় ঘ. ঢাকা বিশ্ববিদ্যালয়

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১১-২০১২) এর (৪৪) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

২৩. ২০১০ সালে কোন ভাষার লেখক সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন?
ক. স্প্যানিশ খ. ইংরেজি গ. পর্তুগিজ ঘ. ফরাসি

ব্যাখ্যা: স্প্যানিশ ভাষার লেখক মারিও ভার্গাস যোসা ২০১০ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।
• নোবেল পুরস্কার সম্পর্কে বিস্তারিত :- ঢাবি (২০১৩-২০১৪) এর (৪৯) নং দেখ।
সঠিক উত্তর : ক.

২৪. বাংলাদেশের অর্থনৈতিক নীতিনির্ধারণ এবং উন্নয়ন প্রকল্প অনুমোদন সংক্রান্ত সর্বোচ্চ সংস্থা-
ক. প্লানিং কমিশন
খ. অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়
গ. প্রধানমন্ত্রীর কার্যালয়
ঘ. জাতীয় অর্থনৈতিক কাউন্সিলের নির্বাহী পরিষদ

ব্যাখ্যা: • ECNEC - Excutive Committee of National Economic Council (জাতীয় অর্থনৈতিক কাউন্সিলের নির্বাহী পরিষদ)।
• গঠিত হয়, ১৯৮২ সালে।
• চেয়ারপার্সন / সভাপতি : প্রধানমন্ত্রী।
সঠিক উত্তর : ঘ.

২৫. নরওয়ের মুদ্রার নাম-
ক. ইউরো খ. গিল্ডার গ. ক্রোনা ঘ. লিরা

ব্যাখ্যা: নরওয়ের মুদ্রার নাম - ক্রোনা।
মুদ্রার নাম বিস্তারিত :- ঢাবি (২০১৩-২০১৪) এর (৪০) নং দেখ।
সঠিক উত্তর : গ.

২৬. 'দেশ ভাল হয় যদি দেশের বিশ্ববিদ্যালয়গুলো ভাল হয়' বলেছিলেন-
ক. আব্রাহাম লিংকন খ. আইজাক নিউটন
গ. বার্ট্রান্ড রাসেল ঘ. পন্ডিত নেহেরু

ব্যাখ্যা: বিশ্বের বিখ্যাত ব্যক্তি ও তাদের উক্তি ও ভাষণ-

| উক্তি | উক্তিকারী |
|---|---|
| মানুষ সামাজিক জীব; আইন হল পক্ষপাতহীন যুক্তি | এরিস্টটল |
| Workers of the World Unite | কার্ল মার্কস |
| মানুষ স্বাধীন হয়ে জন্মগ্রহণ করে, কিন্তু সর্বত্রই তাকে শৃঙ্খলিত অবস্থায় দেখা যায় | রুশো |
| জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী | রুশো |
| I Have a Dream | মার্টিন লুথার কিং |
| মানুষ স্বভাবতই স্বার্থপর ও আত্মকেন্দ্রিক | থমাস হবস |
| নিকৃষ্ট মুদ্রা উৎকৃষ্ট মুদ্রাকে বাজার থেকে বিতাড়িত করে | থমাস হবস |
| এককালীন শান্তি সম্ভব নয়, সঙ্গতও নয় | মুসোলিনী |
| জনমত আইনের অন্যতম উৎস | ওয়াল্ড হেইম |
| সততাই সর্বোৎকৃষ্ট পন্থা | বেনজামিন ফ্রাঙ্কলিন |

সঠিক উত্তর : ঘ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৭. ব্যক্তিস্বাতন্ত্র্যবাদের মূল প্রবক্তা-
ক. জন স্টুয়ার্ট খ. জেমস্ মিল গ. জন লক ঘ. জেরেমি বেন্থাম

ব্যাখ্যাঃ বিভিন্ন তত্ত্ব ও তার প্রবক্তা-

| তত্ত্ব | প্রবক্তা | তত্ত্ব | প্রবক্তা |
|---|---|---|---|
| সমাজতন্ত্র, একগ্লোরেশন তত্ত্ব | কার্ল মার্কস | খাজনাতত্ত্ব, আ: তুলনামূলক বাণিজ্যতত্ত্ব | ডেভিড রিকার্ডো |
| থিওরি অব সেপারেশন | মন্টেস্কু | নিম্ন খাজনা তত্ত্ব, ভোক্তার উদ্বৃত্ত তত্ত্ব | জোসেফ মার্শল |
| সামাজিক চয়ন চুক্তি | ড. অমর্ত্য সেন | জনসংখ্যা তত্ত্ব | টমাস ম্যালথাস |
| আমলাতন্ত্র | ম্যাক্সওয়েবার | বিগব্যাং থিওরি | স্টিফেন হকিং |
| সামাজিক চুক্তি | রুশো | দ্বি- জাতি তত্ত্ব | মুহাম্মদ আলী জিন্নাহ |
| লেইস ফেয়ার নীতি, শ্রম বিভাগ তত্ত্ব | অ্যাডাম স্মিথ | ব্যক্তি স্বাতন্ত্র্যবাদ তত্ত্ব | জন স্টুয়ার্ট মিল |
| অর্থতত্ত্ব, আধুনিক গণতন্ত্র | জন লর্ক | রোগ-জীবাণু তত্ত্ব | লুই পাস্তুর |

সঠিক উত্তর : ক.

২৮. বিশ্ব আদিবাসী দিসব পালিত হয়ে থাকে-
ক. ২রা আগস্টে খ. ৫ই আগস্টে গ. ৭ই আগস্টে ঘ. ৯ই আগস্টে

ব্যাখ্যাঃ আন্তর্জাতিক দিবস সম্পর্কে বিস্তারিত : ঢাবি (২০১২-২০১৩) এর (১২) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

২৯. 'এটাও ইতিহাসের শিক্ষা যে, কেউই ইতিহাস থেকে শিক্ষা নেয় না।'- কথাটি বলেছেন-
ক. উইনস্টন চার্চিল খ. নেপোলিয়ান বোনাপার্ট
গ. বিসমার্ক ঘ. কার্ল মার্কস

ব্যাখ্যাঃ কার্ল মার্ক্স সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য-
- জন্ম : ১৮১৮ সালে, জার্মানি। • মৃত্যু : ১৮৮৩ সালে, ব্রিটেনে।
- তিনি সমাজ তন্ত্রের প্রবর্তক। • বিখ্যাত বই : Das Capital
- বিখ্যাত তত্ত্ব : উদ্বৃত্ত মূল্যতত্ত্ব

সঠিক উত্তর : ঘ.

৩০. 'টেস্ট টিউব বেবি' পদ্ধতির জনক-
ক. ইগর কুজনেতসভ খ. উচিতা ও'হারা
গ. রবার্ট এডওয়ার্ডস্ ঘ. নাইজেল ম্যাক্লিনান

ব্যাখ্যাঃ • টেস্টটিউব বেবি - পদ্ধতির জনক - রবার্ট এডওয়ার্ডস (দক্ষিণ আফ্রিকা)
- বাংলাদেশে প্রথম টেস্টটিউব বেবির জন্ম হয় - ২৯ মে, ২০০১ সালে।

সঠিক উত্তর : গ.

৩১. 'বাংলাওয়াশ' ঘটেছে-
ক. ১৬ই অক্টোবর ২০১০ খ. ১৭ই অক্টোবর ২০১০
গ. ১৮ই অক্টোবর ২০১০ ঘ. ১৯শে অক্টোবর ২০১০

সঠিক উত্তর : খ (নিউজিল্যান্ডকে).

৩২. 'প্রবাসে মুক্তিযুদ্ধের দিনগুলি' বইটির লেখক-
ক. আবু সাঈদ চৌধুরী খ. ফারুক চৌধুরী
গ. বেলাল চৌধুরী ঘ. শামসুল হুদা চৌধুরী

ব্যাখ্যাঃ মুক্তিযুদ্ধ বিষয়ক বই ও তার লেখক

| ঔপন্যাসিক | গ্রন্থ |
|---|---|
| হুমায়ুন আহমেদ | জোছনা ও জননীর গল্প, আগুনের পরশমনি, শ্যামল ছায়া |
| আনিসুল হক | জননী সাহসিনী ১৯৭১, মা |
| ইমদাদুল হক মিলন | ঘেরাও |
| রবীন্দ্র গোপ | জয় বাংলা |
| আল মাহমুদ | উপমহাদেশ |
| শওকত ওসমান | জলাঙ্গী, জাহান্নাম হতে বিদায় জন্ম যদি তব বঙ্গে, নেকড়ে অরণ্য, দুই সৈনিক |
| শওকত আলী | যাত্রা |
| রশীদ হায়দার | খাঁচায়, অন্ধ কথামালায় |
| আবুজাফর শামসুদ্দীন | দেয়াল |
| সৈয়দ শামসুল হক | নিষিদ্ধ লোবান, নীল দংশন |
| সেলিনা হোসেন | নিরন্তর ঘন্টাধ্বনি, হাঙর নদী গ্রেনেড |
| আনোয়ার পাশা | রাইফেল রোটি আওরাত |
| তাহমিনা আনাম | এ গোল্ডেন এজ/সোনা ঝরা দিন |
| জাফর ইকবাল | ক্যাম্প, আকাশ বাড়িয়ে দাও, কাঁচ সমুদ্র |
| শাহীন আক্তার | তালাশ |
| আমজাদ হোসেন | উত্তরকাল |

সঠিক উত্তর : ক.

৩৩. ২০১০-২০১১ অর্থবছরের বাজেটে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্ধ রাখা হয়েছে-
ক. ৩৫,০০০ কোটি টাকা খ. ৩৭,০০০ কোটি টাকা
গ. ৩৮,৫০০ কোটি টাকা ঘ. ৩৯,০০০ কোটি টাকা

ব্যাখ্যাঃ বিস্তারিত : ঢাবি খ (২০১২-২০১৩) এর (৫০) নং দেখ।
সঠিক উত্তর : গ.

৩৪. ব্রিটিশ শাসনের বিরুদ্ধে বাঙালিদের প্রথম বিদ্রোহ-
ক. ফকির ও সন্ন্যাসী বিদ্রোহ খ. নীল বিদ্রোহ
গ. সিপাহী বিদ্রোহ ঘ. আগস্ট (১৯৪২) বিদ্রোহ

ব্যাখ্যাঃ ফকির ও সন্ন্যাসী বিদ্রোহ ব্রিটিশ শাসনের বিরুদ্ধে বাঙালিদের প্রথম বিদ্রোহ।
- ভারতীয় উপমহাদেশের কিছু বিদ্রোহ আন্দোলন ও তার সময়কাল-

| বিদ্রোহ/আন্দোলন | সময়কাল |
|---|---|
| ফকির ও সন্ন্যাসী বিদ্রোহ | ১৭৬০-১৭৬৩ |
| সিপাহী বিদ্রোহ | ১৮৫৭ |
| নীল বিদ্রোহ | ১৮৩৩-১৮৬০ |
| তিতুমীরের আন্দোলন | ১৮২৭-১৮৩১ |
| খিলাফত ও অসহযোগ আন্দোলন | ১৯১৯-১৯২২ |

সঠিক উত্তর : ক.

৩৫. ২০১০-তে দক্ষিণ এশিয়ায় অনুষ্ঠেয় বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগিতায় স্বাগতিক দেশ হিসেবে ভূমিকা পালন করবে না-
ক. বাংলাদেশ খ. পাকিস্তান
গ. ভারত ঘ. শ্রীলঙ্কা

ব্যাখ্যাঃ • ২০১১ সালের ICC বিশ্বকাপের স্বাগতিক দেশ - বাংলাদেশ ভারত ও শ্রীলঙ্কা (নিরাপত্তা জনিত কারণে পাকিস্তান বাদ পড়ে)
- প্রথম ম্যাচ অনুষ্ঠিত হয় বাংলাদেশে।
- চ্যাম্পিয়ন - ভারত, রানার্স আপ - শ্রীলঙ্কা।

সঠিক উত্তর : খ.

৩৬. 'এনথ্রাক্স' শব্দটির মূল ভাষা-
ক. ইংরেজী খ. ফরাসি গ. গ্রিক ঘ. লাতিন

ব্যাখ্যাঃ • এনথ্রাক্স শব্দটি গ্রিক শব্দ হতে এসেছে।
- এনথ্রাক্স শব্দের বাংলা পরিভাষা - তড়কা।
- এনথ্রাক্স একটি ব্যাকটেরিয়া ঘটিত রোগ।
- ১৮৮১ সালে সর্বপ্রথম লুইপাস্তর এই রোগের টিকা আবিষ্কার করেন।

সঠিক উত্তর : গ.

৩৭. ২০১১ সালে সার্ধশত জন্মবার্ষিকী পালিত হবে-
ক. রবীন্দ্রনাথ ঠাকুরের খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের
গ. মীর মশাররফ হোসেনের ঘ. প্রমথ চৌধুরীর

ব্যাখ্যাঃ ২০১১ সালে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের সার্ধশত জন্মবার্ষিকী পালিত হয়।

| বছর | পূর্তি |
|---|---|
| ২৫ বছর পূর্তি | রজত জয়ন্তী |
| ৫০ বছর পূর্তি | সুবর্ণ জয়ন্তী |
| ৬০ বছর পূর্তি | হীরক জয়ন্তী |
| ৭৫ বছর পূর্তি | প্লাটিনাম জয়ন্তী |
| ১০০ বছর পূর্তি | শতবার্ষিকী |
| ১৫০ বছর পূর্তি | সার্ধশত বার্ষিকী |

সঠিক উত্তর : ক.

৩৮. এভারেস্ট-বিজয়ী মুসা ইব্রাহিম জানিয়েছেন, এভারেস্ট শৃঙ্গের দৈর্ঘ্য-প্রস্থ হলো-
ক. ২৫ ফুট ও ৮ ফুট খ. ৩০ ফুট ও ৬ ফুট
গ. ৩৫ ফুট ও ৭ ফুট ঘ. ৪০ ফুট ও ১০ ফুট

ব্যাখ্যাঃ বাংলাদেশের এভারেস্ট বিজয়ী মুসা ইব্রাহিমের মতে এভারেস্ট শৃঙ্গের দৈর্ঘ্য ও প্রস্থ - ৩০ ফুট ও ৬ ফুট।
- মুসা ইব্রাহিম এভারেস্ট জয় করেন - ১৩ মে, ২০১০।
- কিলিমানজারো পর্বত জয় করেন - ১৩ সেপ্টেম্বর, ২০১১।

সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৩৯. বাংলাদেশে জাতীয় শিশুনীতি অনুযায়ী শিশুর বয়স-
ক. ০ থেকে ৮ বছর খ. ১ থেকে ১০ বছর
গ. জন্ম থেকে ১৮ বছর ঘ. ১ থেকে ১২ বছর

ব্যাখ্যা: • বাংলাদেশের জাতীয় শিশু নীতি অনুযায়ী শিশুর বয়স ০-১৮ বছর
• কিশোর-কিশোরী ১৪-১৮ বছর।
সঠিক উত্তর : গ.

৪০. জাতিসংঘের নারী উন্নয়ন বিষয়ক তহবিলের নাম-
ক. ইউনিফেম খ. সমতা তহবিল
গ. ইউএন উইমেন ঘ. জেন্ডার সমতা তহবিল

ব্যাখ্যা: • UNIFEM - United Nations Development Fund for Women
• এটি জাতিসংঘের নারী উন্নয়ন বিষয়ক তহবিল
• প্রতিষ্ঠিত হয় - ১৯৭৬ সালে • সদর দপ্তর - নিউ ইর্য়ক, যুক্তরাষ্ট্র
সঠিক উত্তর : ক.

৪১. বাংলাদেশের সদ্যঘোষিত নতুন বিভাগ-
ক. রংপুর খ. দিনাজপুর গ. বরিশাল ঘ. কুমিল্লা

ব্যাখ্যা: • বাংলাদেশের প্রথম বিভাগ - ঢাকা (১৮২৯ সালে প্রতিষ্ঠিত)
• বাংলাদেশের সর্বশেষ (৮ম) বিভাগ - ময়মনসিংহ।
• ২০১৯ সালে সর্বশেষ প্রস্তাবিত বিভাগ - পদ্মা।
সঠিক উত্তর : ক.

৪২. মিশ্র অর্থনৈতিক ব্যবস্থা হল-
ক. সম্পত্তির রাষ্ট্রীয় মালিকানা খ. সম্পত্তির ব্যক্তি মালিকানা
গ. সম্পত্তির ব্যক্তি ও রাষ্ট্রীয় মালিকানা ঘ. ব্যক্তিগত সম্পত্তির যৌথ মালিকানা

ব্যাখ্যা: সাধারণত ৪ ধরণের অর্থনৈতিক ব্যবস্থা লক্ষ্য করা যায়।
১। ধনতান্ত্রিক পুঁজিবাদী অর্থব্যবস্থা : সম্পদের ব্যাক্তিগত মালিকানা।
২। সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা : সম্পদের রাষ্ট্রীয় মালিকানা।
৩। মিশ্র অর্থনৈতিক ব্যবস্থা : সম্পদের ব্যাক্তিগত ও রাষ্ট্রীয় মালিকানা উভয়ই।
৪। ইসলামিক অর্থব্যবস্থা : ইসলামি প্রজাতান্ত্রিক দেশগুলোতে বিদ্যমান।
সঠিক উত্তর : গ.

৪৩. বাংলাদেশ সংবিধানে বাঙালি জাতীয়তা বাংলাদেশি জাতীয়তা দ্বারা প্রতিস্থাপিত হয়েছিল যে সংশোধনীতে-
ক. তৃতীয় সংশোধনী খ. চতুর্থ সংশোধনী
গ. পঞ্চম সংশোধনী ঘ. সপ্তম সংশোধনী

ব্যাখ্যা: সংবিধান সংশোধন সম্পর্কে বিস্তারিত-

| সংশোধনী | তারিখ | বিষয়বস্তু |
|---|---|---|
| ১ম | ১৫ জুলাই, ১৯৭৩ | যুদ্ধাপরাধীদের বিচার |
| ২য় | ২০ সেপ্টেম্বর, ১৯৭৩ | জরুরি অবস্থার বিধান |
| ৩য় | ২৩ নভেম্বর, ১৯৭৪ | বেরুবাড়ি হস্তান্তর |
| ৮ম | ৭ জুন, ১৯৮৮ | রাষ্ট্র হিসেবে ইসলাম স্বীকৃতি। Dacca থেকে Dhaka এবং Bangali থেকে Bangla করা হয়। |
| ৯ম | ১০ জুলাই, ১৯৮৯ | রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতি পদে একই সাথে নির্বাচন এবং রাষ্ট্রপতির মেয়াদ সীমিত করণ। |
| ১২ তম | ৬ আগস্ট, ১৯৯১ | সংসদীয় সরকার ব্যবস্থা পুনরায় প্রবর্তন |
| ১৩ তম | ২৭ মার্চ, ১৯৯৬ | তত্ত্বাবধায়ক সরকার গঠন প্রসঙ্গ |
| ১৪ তম | ১৬ মে, ২০০৪ | নারীদের জন্য ৪৫ টি আসন সংরক্ষণ প্রধান বিচারপতির বয়স সীমা ৬৭ বছরে উন্নীতকরণ রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর প্রতিকৃতি সংরক্ষণসহ আরও ৭ টি বিষয়। |
| ১৫ তম | ৩০ জুন, ২০১১ | তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল, ৭২ সংবিধানের মূলনীতি বহাল। সংরক্ষিত মহিলা আসন - ৫০ টি রাজনৈতিক সরকারের অধীনে নির্বাচন রাষ্ট্রধর্ম ইসলাম ও বিসমিল্লাহ বহাল ও অন্যান্য ধর্মের সমান গুরুত্ব। |
| ১৬ তম | ১৭ সেপ্টেম্বর, ২০১৪ | বিচারপতিদের অভিশংসন বা অপসারণ ক্ষমতা জাতীয় সংসদের উপর অর্পণ। |

সঠিক উত্তর : গ.

৪৪. অর্থ সরবরাহ বেড়ে গেলে-
ক. দেশের উন্নয়ন হয় খ. শ্রমিকের মজুরি বাড়ানো হয়
গ. মূল্যস্ফীতি হয় ঘ. কর হ্রাস করা সম্ভব হয়

ব্যাখ্যা: • অর্থ সরবরাহ বেড়ে গেলে মুল্য/মুদ্রাস্ফীতি(Inflation)হয়।
• অর্থ সরবরাহ কমে গেলে - মূল্য/ মুদ্রাসংকোচন (Deflation) হয়।
সঠিক উত্তর : গ.

৪৫. স্বাধীন বাংলাদেশের প্রথম ব্যক্তি হিসেবে যিনি ব্রিটেনের নাইট উপাধি লাভ করেন-
ক. ফজলে হাসান আবেদ খ. ড. মুহাম্মদ ইউনুস
গ. বিচারপতি আবু সাঈদ চৌধুরী ঘ. এফ. আর. খান

ব্যাখ্যা: • প্রথম বাংলাদেশি হিসেবে- স্যার ফজলে হাসান আবেদকে ব্রিটেনের রাণী প্রদত্ত সম্মানসূচক নাইট উপাধি দেয়া হয়।
• রবীন্দ্রনাথ ঠাকুরকে ১৯১৫ সালের ৩ জুন ব্রিটিশ সরকার কর্তৃক নাইট উপাধি দেয়া হয়।
• ১৯১৯ সালে জালিয়ানওয়ালাবাগ হত্যাকান্ডের প্রতিবাদে তিনি নাইট উপাধি ত্যাগ করেন।
সঠিক উত্তর : ক.

৪৬. লোকসাহিত্য সংগ্রহে অবদান রেখেছেন-
ক. কেশবচন্দ্র সেন খ. দীনেশচন্দ্র সেন
গ. হীরালাল সেন ঘ. রজনীকান্ত সেন

ব্যাখ্যা: • বিশ্বের ২৩ টি ভাষায় মৈমনসিংহ গীতিকা মুদ্রিত হয়েছে।
• মৈমনসিংহ গীতিকা বৃহত্তর ময়মনসিংহ, নেত্রকোণা ও কিশোরগঞ্জ অঞ্চলের গীতিকা
• ড. দীনেশচন্দ্রসেনের আগ্রহে ও স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের পৃষ্ঠপোষকতায় মৈমনসিংহগীতিকা সংগ্রহ করেন - চন্দ্র কুমার দে।
• মৈমনসিংহ গীতিকা ড. দীনেশচন্দ্রসেনের সম্পাদনায় কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে।
সঠিক উত্তর : খ.

৪৭. প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে যে প্রতিষ্ঠানটি দায়িত্ব পালন করে-
ক. ন্যাপ খ. ডিপিই গ. এনসিটিবি ঘ. পিটিআই

ব্যাখ্যা: • NAPE - National Academy for Primary Education
• প্রতিষ্ঠিত হয় - ১৯৭৮ সালে • অবস্থান - ময়মনসিংহ শহরে।
• কাজ - সর্বস্তরে প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন।
• ২০১০ সালের শিক্ষানীতি অনুযায়ী প্রাথমিক শিক্ষার স্তর প্রথম - ৮ম শ্রেণী
সঠিক উত্তর : ক.

৪৮. ইউএনবি কী?
ক. একটি বিদেশি সংস্থা খ. একটি ঔষধ কোম্পানি
গ. একটি বহুজাতিক কোম্পানি ঘ. একটি সংবাদ সংস্থা

ব্যাখ্যা: • UNB - United News of Bangladesgh
• বাংলাদেশের একটি সংবাদ সংস্থা। • প্রতিষ্ঠিত হয় - ১৯৮৮ সালে।
সঠিক উত্তর : ঘ.

৪৯. বাংলাদেশ যে দেশের কাছে কৃষি জমি ইজারা চেয়েছে-
ক. সেনেগাল খ. আর্জেন্টিনা গ. নিউজিল্যান্ড ঘ. ব্রাজিল

সঠিক উত্তর : ক.

৫০. *মাইলপোস্ট* নাটকটি লিখেছেন-
ক. সাঈদ আহমেদ খ. সেলিম আল দীন
গ. আলাউদ্দিন আল আজাদ ঘ. আব্দুল্লাহ্ আল মামুন

ব্যাখ্যা: কয়েকজন নাট্যকার ও তাদের উল্লেখযোগ্য নাটক-

| নাট্যকার | উল্লেখ্যযোগ্য নাটক |
|---|---|
| সেলিম আল - দীন | যুবতী কন্যার মন, কিত্তনখোলা, মুনতাসির, ফ্যান্টাসি, মহুয়া, আয়না |
| আলাউদ্দিন আল আজাদ | মরক্কোর যাদুকর, ইহুদির মেয়ে, মায়াবী প্রহর। |
| আবদুল্লাহ আল মামুন | সুবচন নির্বাসনে, এখন দুঃসময়, সেনাপতি, চারিদিকে যুদ্ধ, খলনায়ক। |
| দ্বিজেন্দ্রলাল রায় | চন্দ্রগুপ্ত, নুরজাহান, শাজাহান, প্রতাপসিংহ, সিংহল বিজয় |
| মাইকেল মধুসূদন দত্ত | শর্মিষ্ঠা, কৃষ্ণকুমারী, পদ্মাবতী |
| মুনীর চৌধুরী | কবর, রক্তাক্ত প্রান্তর, চিঠি |
| শওকত ওসমান | আমলার মামলা, তস্কর ও লস্কর, তারা দুইজন |
| সৈয়দ ওয়ালীউল্লাহ | বহিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ, উজানে মৃত্যু। |

সঠিক উত্তর : ক.

শিক্ষার সবকিছু এক পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## Elective English

(Answer each question by choosing the best option.)

***Read the following passage carefully and answer question 1-7.***

The art of asking oneself critical questions that lead either to new answers or to genuine revitalizing of old answers may not be entirely amenable to instruction. But it is a necessary art nonetheless, for any person who wants to be free. It is an art that all philosophers have tried to pursue, and many of them have given direct guidance in how to pursue it. Needless to say, it is an art the pursuit of which is never fully completed. No one thinks for himself or herself very much of the time or in very many subjects. Yet the habitual effort to ask the right critical questions and to apply rigorous tests to our hunches is a clearer mark than any other of an educated person.

**01. The word 'critical' in the paragraph means**

A. disapproving B. dangerous C. important D. uncertain

ব্যাখ্যা: Critical - (adj) - ১। গুরুত্বপূর্ণ, ২। সংকটপূর্ণ
**Synonym :** 1. All Important, Crucial, Decisive, Essential, Pressing, Urgent, Vital, Momentous.
2. Dangerous, Perilous, Precarious, Risky.
**Antonym :** unimportant, safe.
**Ans : C.**

**02. 'revitalizing ' means**

A. making important B. imbuing with new life C. renewing D. innovating

ব্যাখ্যা: Revitalize - নবজীবন সঞ্চার করা।
**Ans : C.**

**03. 'amenable to instruction' means**

A. capable of being trained B. unable to be trained C. unwilling to be trained D. eager to be trained

ব্যাখ্যা: Amenable - সংবেদনশীল
**Synonym -** Agreeable, Answerable, Conformable, Flexible
অর্থাৎ amenable to instruction দ্বারা capable of being trained বুঝিয়েছে।
**Ans : A.**

**04. The word 'hunch' means**

A. knowledge B. push C. hump D. intuition

ব্যাখ্যা : Hunch - An intuitive guess or feeling.
**Ans : D.**

**05. According to the passage philosophers are**

A. important
B. not important
C. sometimes important
D. sometimes misguiding

ব্যাখ্যা: Passage থেকে বুঝা যায় Philosophers রা important (গুরুত্বপূর্ণ).
**Ans : A.**

**06. In the passage the word 'art' is used to mean**

A. an aesthetic object B. an ability C. a quality D. intelligence

ব্যাখ্যা: writer passage এ art দ্বারা quality কে বুঝিয়েছেন
**Ans : C.**

**07. According to the passage an educated person**

A. has the right ideas
B. knows the right questions
C. asks questions and tests his/her ideas
D. is important to society

ব্যাখ্যা: passage এর শেষের দিকে critical question জিজ্ঞেস করা এবং rigorous test apply করার ক্ষেত্রে আমাদের অবস্থার সাথে educated person এর তুলনা করা হয়েছে যেখানে বুঝানো হয়েছে একজন educated person critical question ask করে এবং তার ideas test করে।
**Ans : C.**

**08. "A laconic speech" is**

A. a piece of advice B. an angry speech C. a sermon D. a concise speech

ব্যাখ্যা: A laconic speech = A concise speech - সংক্ষিপ্ত বক্তৃতা
**Ans : D.**

**09. Readers who have eclectic tastes in literature**

A. read strange books
B. read a wide variety of books
C. read books on just one topic
D. do not read books

ব্যাখ্যা: Eclectic - সমস্ত কিছুর মধ্যে ভালো বেছে নেয় এমন। যাদের মধ্যে Eclectic taste বিদ্যমান থাকে তাদের অনেক ধরনের বই পড়তে হয়।
**Ans : B.**

**10. "Raj wasn't the paragon of virtue Rashida had expected" means**

A. Rashida was disappointed in Raj
B. Rashida was happy with Raj
C. Rashida was not disappointed in Raj
D. Rashida approved of Raj

ব্যাখ্যা: Paragon of Virtue - গুণের পরমোৎকর্ষের মূর্ত রূপ। রাশিদার আশা ছিল রাজ উৎকৃষ্টমূলক গুণের অধিকারী হবে কিন্তু রাজের তা ছিল না - এটা বলতে রাশিদার, রাজের প্রতি disappointment প্রকাশ পায়।
**Ans : A.**

**11. Choose the one which does not fit in**

A sonnet B. ode C. stanza D. elegy

ব্যাখ্যা: Sonnet - চতুর্দশপদী কবিতা
Ode - অনিয়মিত ছন্দে রচিত কবিতা
Elegy - শোকগাথা কবিতা
Stanza - কবিতার পঙক্তিগুচ্ছ
Sonnet, Ode, Elegy - এগুলো প্রত্যেকটি একেক ধরনের কবিতা কিন্তু Stanza হলো কবিতার লাইন বা পঙক্তি তাই Stanza এই তিনটি থেকে ভিন্ন।
**Ans : C.**

**12. 'impermeable' means**

A. that which cannot be permitted
B. not lasting long
C. hard to break
D. not allowing a liquid to pass through

ব্যাখ্যা: Impermeable - (adj) - অভেদ্য (বিশেষত তরল পদার্থ দিয়ে)
**Ans : D.**

**13. I saw ___ one eyed Man begging for alms.**

A. lonely B. a C. an D. only

ব্যাখ্যা: শূন্যস্থানের পরের word এর ১ম অক্ষর vowel হওয়া সত্ত্বেও তা ইউ এবং ওয়া এর মত উচ্চারিত হলে শূণ্যস্থানে an না বসে a বসে।
**Ans : B.**

**14. " To be or not be - that is the question" occurs in**

A. Macbeth B. King lear C. Othello D. Hamlet

**Ans : D.**

**15. War and peace was written by-**

A. Chekhov B. Gorky C. Tolstoy D. Dostoyevsky

**Ans : C.**

**16. What does 'note of dissent' mean?**

A. disagreement B. agreement C. consent D. postponement

ব্যাখ্যা: note of disrent - ভিন্নমত প্রকাশ
**Ans : A.**

শিক্ষার সমাধিক্ষু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

17. **Travellers ___ their reservations well in advance if they want to fly during the holidays.**

A. had better to get B. had to get better
C. had better get D. had better got

ব্যাখ্যা: Had Better modal verb হিসেবে ব্যবহৃত হয়। had যদিও past তবুও had Better ভবিষ্যতের উপদেশ দেওয়া বুঝাতে ব্যবহৃত হয়। অর্থাৎ Had better এবং Should একই অর্থে ব্যবহৃত হয় এবং এর পর verb এর basic form বসে।
**Ans : C.**

18. **The Canterbury Tales is as alive and ___ today as it was nearly 600 years ago.**

A. appealing B. fruitful C. repelling D. enhancing

ব্যাখ্যা: Appealing - আবেদনময় Fruitful - ফলপ্রসূ
Enhanciry - বৃদ্ধিকারক Repllíng - বিরক্তিকর
**Ans : A.**

19. **The antonym of 'indictment' is-**

A. harangue B. eulogy
C. tirade D. punishment

ব্যাখ্যা: Indictment - (noun) - অভিযোগ
**Synonym** - Accusation, Allegation, Charge, Impeachment, Incriminatin, Prosecution, Summons.
**Antonym** - Eulogy, Exoneration
**Ans : B.**

20. **Which one does not fall into the same category.**

A. Rosalind B. Ophelia C. Cordelia D. Desdemona

ব্যাখ্যা : Ophelia, Cordelia, Desdemona তিনটি William Shakespeare এর সৃষ্ট চরিত্র। সুতরাং, Rosalind এখানে ভিন্ন।
**Ans : A.**

21. **The synonym of 'equivocation' is**

A. fairness B. evasion C. imprecation D. equality

ব্যাখ্যা: Equivocation - (noun) - ছলচাতুরি, বাকচাতুরি
**Synonym :** Evasion, Dodge, Trickery, Subterfuge, Shuffle, Sidestep.
**Antonym :** Directness, Frankness
**Ans : B.**

22. **The boy said, " I ___ starve than beg."**

A. better B. would better
C. would rather D. rather

ব্যাখ্যা: Would rather........ than
would rather এর অর্থ তবুও / বরং ভাল। would rather যুক্ত Sentence এ than ব্যবহৃত হয় এবং would rather এর পর verb এর present form হয়।
**Ans : C.**

23. **The word 'anthropology' is related to**

A music B. philosophy
C. the study of mathematics D. the study of mankind

ব্যাখ্যা: Arthoropology - The study of mankind
**Ans : D.**

24. **A 'Canto' is**

A. an act of a play B. a part of a play
C. a chapter of a novel D. a division of an epic

ব্যাখ্যা: Canto - দীর্ঘ কবিতার (মহাকাব্য - epic) স্বর্গ
**Ans : D.**

25. **A 'Protagonist' is**

A. the clown in a play B. the villain in a play
C. the leading character in a play
D. the director of a play

ব্যাখ্যা: Protagonist - নাটকের প্রধান চরিত্র
**Ans : C.**

## ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
### শিক্ষাবর্ষ : ২০০৯-২০১০

### বাংলা

০১. **'সে সাধ এইখানেই মিটিল' । - কমলাকান্তের কোন্ সাধ?**

ক. আফিম খাওয়ার খ. যাত্রা শোনার
গ. তামাক টানার ঘ. ডাল মেখে ভাত খাওয়ার

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : খ.**

০২. **'কাব্যের ঝুমঝুমি বিজ্ঞানের চুষিকাঠি দর্শনের বেলুন রাজনীতির রাঙালাঠি ইতিহাসের ন্যাকড়ার পুতুল নীতির টিনের ভেঁপু এবং ধর্মের জয়ঢাক এইসব জিনিসে সাহিত্যের বাজার ছেয়ে গেছে'-বাক্যটিতে কয়টি বিরামচিহ্ন থাকবে?**

ক. পাঁচটি খ. ছয়টি
গ. সাতটি ঘ. আটটি

ব্যাখ্যা: বাক্যের বিরামচিহ্নের ব্যবহার-
কাজের ঝুমঝুমি, বিজ্ঞানের চুষিকাঠি, দর্শনের বেলুন, রাজনীতির রাঙ্গালাঠি, ইতিহাসের ন্যাকড়ার পুতুল, নীতির টিনের ভেঁপু এবং ধর্মের জয়ঢাক - এইসব জিনিসে সাহিত্যের বাজার ছেয়ে গেছে।
**সঠিক উত্তর : গ.**

০৩. **'আগুইনা' চিতা কী?**

ক. চিতাবাঘ খ. ভেষজ উদ্ভিদ
গ. চিতার আগুন ঘ. অগ্রহায়ণ মাসের গরম

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : খ.**

০৪. ***ট্যাবু* বলতে বোঝায়-**

ক. নিষিদ্ধ খ. নিষিদ্ধ নয়
গ. আদিম ঘ. প্রচলিত

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : ক.**

০৫. **আব্দুল মজিদ কাজ করতেন-**

ক. ভারতে খ. নেপালে গ. থাইল্যান্ডে ঘ. ইন্দোনেশিয়ায়

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : ঘ.**

০৬. **'কত দশা বিরহিণীর' - রাধার বিরহের কয়টি অবস্থা?**

ক. পাঁচ খ. সাত গ. নয় ঘ. দশ

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : ঘ.**

০৭. **আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস-**

ক. আটই মার্চ খ. নয়ই ডিসেম্বর
গ. দোসরা অক্টোবর ঘ. সাতাশে ফেব্রুয়ারি

ব্যাখ্যা: ২০০৩ সালের ৩১শে অক্টোবর জাতিসংঘ সাধারণ পরিষদ দুর্নীতিবিরোধী সনদ প্রণয়ন করে, যা ২০০৩ সালের ৯ই ডিসেম্বর মেক্সিকোর মেরিডাতে স্বাক্ষরের জন্য উন্মুক্ত করা হয়। এ কারণের ৯ই ডিসেম্বরকে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস হিসেবে ঘোষনা করা হয়।
**সঠিক উত্তর : খ.**

০৮. ***কোন্দা* শব্দের অর্থ-**

ক. কোন্দল খ. ক্রন্দন গ. তালগাছের নৌকা ঘ. সাঁকো

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : গ.**

০৯. **শুদ্ধ বানানগুচ্ছ-**

ক. বিভীষিকা, আশীর্বাদ, শারীরিক, সমীচিন
খ. নির্ণিমেয, গণনা, অপরাহ্ণ, সর্বাঙ্গীন
গ. অদ্ভুত, প্রত্যূষ, উত্তৃত, নুপুর
ঘ. পূর্বাহ্ণ, পুরস্কার, দুর্বিষহ, অভিষেক

ব্যাখ্যা: শুদ্ধরূপ - সমীচীন, গণনা, অপরাহ্ণ।
**সঠিক উত্তর : গ.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার